

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শুঞ্জলা অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৪৬.২০১৮-০১০

তারিখঃ ২০ ডিসেম্বর ২০১৯
০৪.০৯.২০১৯

আদেশ

যেহেতু, ডাঃ মোঃ জিয়াউল হক (১০৪৩৯০), রেডিওলজিস্ট, এম আব্দুর রহিম মেডিকেল কলেজ হাসপাতাল, দিনাজপুর গত ০১/০৯/২০১৬ তারিখ হতে ৩০/০৯/২০১৬ তারিখ পর্যন্ত মঞ্জুরকৃত অর্জিত ছুটি ভোগ শেষে ০১/১০/২০১৬ তারিখ হতে অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন বিধায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুঞ্জলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর দায়ে ২৪.০৬.২০১৮ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০৪৬.২০১৮-১৯৮ নং স্মারকে বিভাগীয় মামলা বুজু করে কারণ দর্শানো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিসের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর আবেদন করেন;


যেহেতু, গত ২৫.০৮.২০১৯ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ডাঃ মোঃ জিয়াউল হক (১০৪৩৯০) ব্যক্তিগত শুনানীতে সন্তোষজনক জবাব প্রদানে ব্যর্থ হয়েছেন এবং তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে এবং এ জন্য তিনি দন্ড পাওয়ার যোগ্য;

সেহেতু, ডাঃ মোঃ জিয়াউল হক (১০৪৩৯০), রেডিওলজিস্ট, এম আব্দুর রহিম মেডিকেল কলেজ হাসপাতাল, দিনাজপুর এর সরকারী কর্মচারী (শুঞ্জলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয়াদি বিবেচনায় উক্ত বিধিমালা ৪(২)(খ) বিধি অনুযায়ী তার ০১ (এক)টি বাৎসরিক বেতন বৃদ্ধি আগামী ০১ (এক) বছরের জন্য স্থগিত করার লঘু দন্ড আরোপ করা হলো এবং বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো। তার গত ০১/১০/২০১৬ হতে ৩১/১২/২০১৮ তারিখ পর্যন্ত মোট ২ বছর ৩ মাস কর্মস্থলে অননুমোদিত অনুপস্থিতির সময়কাল বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হল। তাঁর ০১/০১/২০১৯ তারিখ হতে বিভাগীয় মামলার প্রয়োজনে আদেশ জারির তারিখ পর্যন্ত সময়কে কর্মকাল হিসেবে গণ্য করা হলো। তিনি ভবিষ্যতে কোন বকেয়া প্রাপ্য সুবিধা দাবি করতে পারবেন না।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে


(শেখ মুজিবুর রহমান)
অতিরিক্ত সচিব


(অভ্যন্তরীণ প্রশাসন ও শুঞ্জলা অনুবিভাগ)

তারিখঃ ০৪.১০.২০১৯

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৪৬.২০১৮-০১০/২(১০)

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এমআইএস এর কম্পিউটার ও ডাটা সিতে সংরক্ষণ করার জন্য)।
- ৩। পরিচালক, এম আব্দুর রহিম মেডিকেল কলেজ হাসপাতাল, দিনাজপুর
- ৪। উপপরিচালক (শুঞ্জলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। [পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের ২০ (বিশ) কপি শুঞ্জলা অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো]
- ৬। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, দিনাজপুর, দিনাজপুর।
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৮। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৯। ডাঃ মোঃ জিয়াউল হক (১০৪৩৯০), রেডিওলজিস্ট, এম আব্দুর রহিম মেডিকেল কলেজ হাসপাতাল, দিনাজপুর।
- ১০। অফিস কপি।


মোঃ আবদুছ সালাম
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
disc@hsd.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৮৯.২০১৮- ৫০৬

তারিখঃ

২৪ জুলাই, ২০১৯

০৬.০৭.২০১৯

আদেশ

যেহেতু, ডাঃ এ.এস.এম.আনোয়ারুল ইসলাম (১২৬৪৮৪), ওএসডি এর মেয়াদ শেষে পরিচালক (স্বাস্থ্য), ঢাকা বিভাগ, ঢাকায় ন্যাস্তকৃত গত ২২/০৫/২০১৭ হতে ২১/০৫/২০১৮ তারিখ পর্যন্ত মোট ১১ মাস ২৯ দিন অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন বিধায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর দায়ে ২৫.১০.২০১৮ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০৮৯.২০১৮-৩৮৭ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিসের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করেন;


যেহেতু, গত ২৫.০৮.২০১৯ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ডাঃ এ.এস.এম. আনোয়ারুল ইসলাম (১২৬৪৮৪) জানান যে, অনিচ্ছাকৃতভাবে গত ২২/০৫/২০১৭ হতে ২১/০৫/২০১৮ তারিখ পর্যন্ত মোট ১১ মাস ২৯ দিন অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। কিন্তু ঢাকা বিভাগীয় কার্যালয়ে যোগদান না করে স্বাস্থ্য অধিদপ্তর ওএসডি থেকে বেতন ভাতা উত্তোলন করেছেন। তিনি একজন সরকারী কর্মকর্তা হিসেবে এ ধরনের ভুল করা তাঁর সমীচীন হয়নি।

সেহেতু, ডাঃ এ.এস.এম. আনোয়ারুল ইসলাম (১২৬৪৮৪) এর বিরুদ্ধে আনীত অভিযোগ, লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানী মোতাবেক গত ২২/০৫/২০১৭ হতে ২১/০৫/২০১৮ তারিখ পর্যন্ত মোট ১১ মাস ২৯ দিন অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। কিন্তু উক্ত সময়ের বেতন ভাতাদি উত্তোলন করেছেন। তবে তিনি একজন সরকারী কর্মকর্তা হিসেবে তার এ ধরনের ভুল করা সমীচীন হয়নি। তাছাড়া নিয়মিতভাবে পরীক্ষায় উত্তীর্ণ না হয়ে পরবর্তীতে সাপ্লিমেন্টারী পরীক্ষার মাধ্যমে পাশ করেছেন। পরবর্তীতে পরীক্ষায় অংশগ্রহণ বা ক্লাসের জন্য কর্তৃপক্ষের কোন অনুমতি নিয়েছেন মর্মে কোন প্রমাণক পাওয়া যায়নি। এ জন্য তাকে সরকারী দায়িত্ব পালনে আরো যত্নশীল হয়ে কাজ করার জন্য সতর্ক করা হলো। তার অনুপস্থিতকালীন সময় গত ২২/০৫/২০১৭ হতে ২১/০৫/২০১৮ তারিখ পর্যন্ত মোট ১১ মাস ২৯ দিন বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করা হলো এবং তিনি ভবিষ্যতে এ বিষয়ে বকেয়া সুবিধাদি দাবি করতে পারবেন না। তাঁর ২২/০৫/২০১৮ তারিখ হতে বিভাগীয় মামলার প্রয়োজনে আদেশ জারির তারিখ পর্যন্ত সময়কে কর্মকাল হিসেবে গণ্য করা হলো। তার অনুপস্থিতকালীন সময়ের উত্তোলিত বেতন-ভাতাদি সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো এবং তাকে এ বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে



(শেখ মুজিবুর রহমান)
অতিরিক্ত সচিব
(অভ্যন্তরীণ প্রশাসন ও শৃঙ্খলা অনুবিভাগ)

তারিখঃ ০৬.০৭.২০১৯

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৮৯.২০১৮- ৫০৬/২(১১)

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (তাকে সংশ্লিষ্ট কর্মকর্তার অনুপস্থিতকালীন সময়ের উত্তোলিত বেতন-ভাতাদি সরকারী কোষাগারে জমা প্রদানের প্রমাণক মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। পরিচালক (স্বাস্থ্য), বিভাগীয় পরিচালক এর কার্যালয়, ঢাকা বিভাগ, ঢাকা।
- ৪। উপসচিব (পার-১/৩ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৬। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৯। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১০। ডাঃ এ.এস.এম.আনোয়ারুল ইসলাম (১২৬৪৮৪), ওএসডি এর মেয়াদ শেষে পরিচালক (স্বাস্থ্য), ঢাকা বিভাগ, ঢাকায় ন্যাস্তকৃত
- ১১। অফিস কপি।


মোঃ আবদুছ সালাম
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
disc@hbd.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শুজলা অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.০০.০০০.০১৫০.০২৭.০৫৭.২০১৯-৫০৭

তারিখঃ ২০ জুলাই ২০১৯
০২.০৭.২০১৯

আদেশ

যেহেতু, ডাঃ সুরাইয়া বেগম (১১৩০৯০), ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা গত ০১/০৭/২০১৩ হতে ০৬/০৩/২০১৮ তারিখ পর্যন্ত মোট ৪ বছর ৮ মাস ৫ দিন অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন বিধায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুজলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর দায়ে ২৫.০৬.২০১৯ তারিখের ৪৫.০০.০০০০.১৫০.০২৭.০৫৭.১৯-৩৭০ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিসের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর আবেদন করেন;


যেহেতু, গত ২৭.০৮.২০১৯ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ডাঃ সুরাইয়া বেগম (১১৩০৯০) ব্যক্তিগত শুনানীতে সন্তোষজনক জবাব প্রদানে ব্যর্থ হয়েছেন এবং তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে এবং এ জন্য তিনি দন্ড পাওয়ার যোগ্য;

সেহেতু, ডাঃ সুরাইয়া বেগম (১১৩০৯০), ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর সরকারী কর্মচারী (শুজলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয়াদি বিবেচনায় উক্ত বিধিমালা ৪(২)(খ) বিধি অনুযায়ী তার ০৪ (চার)টি বাৎসরিক বেতন বৃদ্ধি আগামী ০৪ (চার) বছরের জন্য স্থগিত করার লঘু দন্ড আরোপ করা হলো এবং বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো। তাঁর ০৭/০৩/২০১৮ তারিখ হতে বিভাগীয় মামলার প্রয়োজনে আদেশ জারির তারিখ পর্যন্ত সময়কে কর্মকাল হিসেবে গণ্য করা হলো। তাঁর গত ০১/০৭/২০১৩ হতে ০৬/০৩/২০১৮ তারিখ পর্যন্ত মোট ৪ বছর ৮ মাস ৫ দিন কর্মস্থলে অননুমোদিত অনুপস্থিতির সময়কাল বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হল। তিনি ভবিষ্যতে কোন বকেয়া প্রাপ্য সুবিধা দাবি করতে পারবেন না।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে



(শেখ মুজিবুর রহমান)
অতিরিক্ত সচিব

(অভ্যন্তরীণ প্রশাসন ও শুজলা অনুবিভাগ)

তারিখঃ ০২.০৭.২০১৯

নং-৪৫.০০.০০০.০১৫০.০২৭.০৫৭.২০১৯-৫০৭/৪(২)
অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এমআইএস এর কম্পিউটার ও ডাটা সিটে সংরক্ষণ করার জন্য)।
- ৩। উপপরিচালক (শুজলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। [পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের ২০ (বিশ) কপি শুজলা অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো]
- ৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৭। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৮। ডাঃ সুরাইয়া বেগম (১১৩০৯০), ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৯। অফিস কপি।


মোঃ আবদুল্লাহ সালাম
উপসচিব

ফোনঃ ৯৫৪৩০২৮

dise@hds.gov.bd

নং-৪৫.০০.০০০.০১২২.০২৭.০৬৪.২০১৯-৫৮৮

তারিখঃ ২৪ ডিসেম্বর, ২০১৯
০৫.০৯.২০১৯

আদেশ

যেহেতু, ডাঃ সম্পদ কুমার দত্ত (১৩০৫৪৭), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বেড়া, পাবনা (প্রাক্তন এ্যানেসথেসিওলজিস্ট, শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ হাসপাতাল, বগুড়া) পারিবারিক কারণে গত ২৮/০২/২০১৯ হতে ২৮/০৪/২০১৯ তারিখ পর্যন্ত ৬০ দিন অর্জিত ছুটির আবেদন প্রেরণ করে অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন বিধায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুঞ্জলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর দায়ে ০৩.০৭.২০১৯ তারিখের ৪৫.০০.০০০০.১২২.০২৭.০৬৪.১৯-৪০০ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিসের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর আবেদন করেন;


যেহেতু, গত ২৭.০৮.২০১৯ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ডাঃ সম্পদ কুমার দত্ত (১৩০৫৪৭) ব্যক্তিগত শুনানীতে সন্তোষজনক জবাব প্রদানে ব্যর্থ হয়েছেন এবং তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে এবং এ জন্য তিনি দন্ড পাওয়ার যোগ্য;

সেহেতু, ডাঃ সম্পদ কুমার দত্ত (১৩০৫৪৭), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বেড়া, পাবনা (প্রাক্তন এ্যানেসথেসিওলজিস্ট, শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ হাসপাতাল, বগুড়া) এর সরকারী কর্মচারী (শুঞ্জলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয়াদি বিবেচনায় উক্ত বিধিমালার ৪(২)(খ) বিধি অনুযায়ী তার ০১ (এক)টি বাৎসরিক বেতন বৃদ্ধি আগামী ০১ (এক) বছরের জন্য স্থগিত করার লঘু দন্ড আরোপ করা হলো এবং বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো। তাঁর ০৪/০৫/২০১৯ তারিখ হতে বিভাগীয় মামলার প্রয়োজনে আদেশ জারির তারিখ পর্যন্ত সময়কে কর্মকাল হিসেবে গণ্য করা হলো। তাঁর গত ২৬/০২/২০১৯ হতে ০৪/০৫/২০১৯ তারিখ পর্যন্ত বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করা হলো। তিনি ভবিষ্যতে কোন বকেয়া প্রাপ্য সুবিধা দাবি করতে পারবেন না।


২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে


(শেখ মুজিবুর রহমান)
অতিরিক্ত সচিব
(অভ্যন্তরীণ প্রশাসন ও শুঞ্জলা অনুবিভাগ)
তারিখঃ ০৫.০৯.২০১৯

নং-৪৫.০০.০০০.০১২২.০২৭.০৬৪.২০১৯-৫৮৮/১০২
অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এমআইএস এর কম্পিউটার ও ডাটা সিতে সংরক্ষণ করার জন্য)।
- ৩। পরিচালক, শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ হাসপাতাল, বগুড়া।
- ৪। উপপরিচালক (শুঞ্জলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। [পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের ২০ (বিশ) কপি শুঞ্জলা অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো]।
- ৬। সিভিল সার্জন, পাবনা।
- ৭। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বেড়া, পাবনা।
- ৮। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বেড়া, পাবনা।
- ৯। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ১০। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১১। ডাঃ সম্পদ কুমার দত্ত (১৩০৫৪৭), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বেড়া, পাবনা (প্রাক্তন এ্যানেসথেসিওলজিস্ট, শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ হাসপাতাল, বগুড়া)।
- ১২। অফিস কপি।


মোঃ আবদুছ সালাম
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
disc@hsd.gov.bd